

পুস্তক তালিকা

বাংলা বন্ধ বা শেষের শুরু	৪০.০০
হিমালীশ গোস্বামী	
চেনা বাস্তবতার, পরিচিত শব্দের, জানা ছাঁদটাকে হেলায় উল্টেপাল্টে করে দেন হিমালীশ। একজন সত্যিকারের বাঙালি মানুষের নাস্তিক আত্মার ক্রুদ্ধ ক্রন্দন তাঁর স্বহস্ত-চিত্রিত এই ‘বই’-এর ছত্রে ছত্রে ফেটে পড়েছে।	
প্রতিরোধ: অন্ধতা ও অযুক্তির বিরুদ্ধে	৬০.০০
দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় সম্পাদিত (৩য়)	
বিগত দুই শতাব্দী ধরে বাংলার জ্ঞানী মনীষী আর সচেতন গুণীজনেরা সমাজের অন্ধকার আর অযুক্তির বিরুদ্ধে নানা দৃষ্টিকোণ থেকে আমাদের বারবার সতর্ক করেছেন তাঁদের উত্তরাধিকার মনে রাখলে সুস্থ বুদ্ধি নিয়ে এগোবার জোর পাওয়া যায়।	
প্রমিথিউসের পথে :	৪০.০০
নব্যচিন্তার বিদ্রোহী নায়কেরা	
ইতিহাসের পাতা থেকে তুলে আনা কিছু দৃঢ়চেতা লড়াই মানুষের কথা, যাঁরা বিজ্ঞানকে বিকশিত করতে, সত্যকে প্রতিষ্ঠা করতে বারবার লাঞ্ছিত হয়েছেন ধর্মীয় এবং রাষ্ট্রীয় প্রভুদের হাতে, তবু যাঁদের দমিয়ে রাখা যায় নি। ছোটদের জন্য লেখা তবু বড়দেরও বটে।	
বিজ্ঞান অবিজ্ঞান অপবিজ্ঞান (অখণ্ড)	২০০.০০
বৈজ্ঞানিক যুক্তি, অনুসন্ধান আর বিচার বিশ্লেষণ দিয়ে ধর্মীয় জালিয়াতি, তন্ত্রমন্ত্র, অলৌকিকতা, কুসংস্কার এবং অবৈজ্ঞানিক ধ্যানধারণাগুলির সত্যিকারের চেহারাটা প্রকাশ করা হয়েছে সহজ সরল ভঙ্গিতে।	
বিবেকানন্দ অন্য চোখে	১০০.০০
নিরঞ্জন ধর	
বিবেকানন্দ নিয়ে অনেক লেখা অনেক চর্চা হয়েছে তবু অপূর্ণতা রয়ে গেছে। স্বামীজির ভাবমূর্তির চারপাশের স্বর্গীয় বলয়টিকে সরিয়ে রেখে দোষগুণ মেশানো মানুষ-বিবেকানন্দকে দেখা হয় নি মোহমুক্ত চোখ দিয়ে। সেই চেষ্টাই হয়েছে এ বইতে।	
শেকলভাঙা সংস্কৃতি	৬০.০০
কেবল প্রাকৃতিক-অর্থনৈতিক-রাজনৈতিক সংগ্রামে মানবজীবনকে সীমাবদ্ধ রাখলে মুক্তি আন্দোলন অসম্পূর্ণ, পঙ্গু হয়ে থাকে। মনের জগতেও আন্দোলন প্রয়োজন। প্রথা, আচার, বিশ্বাস, সনাতন ঐতিহ্য, ইত্যাদির শেকল ভেঙে মুক্ত সংস্কৃতি চাই।	
যে গল্পের শেষ নেই	৫০.০০
দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়	
গল্পটা মানুষের। যে মানুষ দুনিয়ার যাবতীয় ভালো-মন্দ, সৃষ্টি-ধ্বংস, লৌকিক-অলৌকিক, সমস্ত কিছুই পেছনে রয়েছে, সেই মানুষের বিবর্তন ও বিকাশের কথা।	
প্রেসিডেন্ট বুশ-এর এই যুদ্ধ	৩০.০০
অশোক বন্দ্যোপাধ্যায়	
বিশ্বের বহু ক্ষুদ্র দীন অপুষ্টি দেশের ওপর আমেরিকা যুক্তরাষ্ট্রের নির্মম যুদ্ধ-লালসার চরিত্র ও রাজনীতিটাকে বুঝতে এই বই।	

গুমোট ভাঙ্গার গান (২য় সংস্করণ)	যন্ত্রস্থ
ধুবজ্যোতি ঘোষ	
জলাভূমি বাঁচাবার আন্দোলন এ রাজ্যে নতুন নয়। এই বই সেই প্রতিবাদের পথে এক জোরালো পদক্ষেপ। এই বই-এর প্রতিটি শব্দ জলাভূমি থেকে বই-এর পাতায় উঠে এসেছে।	
নিজের মুখোমুখি	৫০.০০
রামকৃষ্ণ ভট্টাচার্য	
একা একা কি ভালো কাজ করা যায়? বোধহয় কিছু ভালো সঙ্গ কিংবা সংগঠন লাগে। এই বই নিজেকে চেনবার এক ‘গাইড বুক’ বলা যেতে পারে। বর্তমান সময়ের সমাজমনস্কদের আত্মসমীক্ষণের আয়না-ও বলা যায়।	
বিজ্ঞান জ্যোতিষ সমাজ (সপ্তম সংস্করণ)	যন্ত্রস্থ
‘মানুষ নিজেই তার ভাগ্য গড়ে নেয়’। একথা সত্য হলেও অন্ধবিশ্বাস গ্রহরত্ন ঠিকুজি কোষ্ঠী আজও টিকে আছে। সমস্যা জর্জরিত দুর্বল মানুষের মনে প্রতারণার বীজ বুনবে জ্যোতিষ, হস্তরেখা, মাদুলি, অবৈজ্ঞানিক দাওয়াই।	
যুক্তিবাদের চার সেনাপতি	৪০.০০
সংকলন	
সমাজকে অন্ধতা, কুযুক্তি, কুসংস্কার থেকে বের করে আনার জন্য লড়াই করেছেন যে সব সমাজসংস্কারক তাঁদের কথা মনে না রাখা ইতিহাসকে অস্বীকার করার নামাস্তর। এ বই-এ যে এমনি চার সমাজসংস্কারকের কথা বলা হয়েছে তাঁরা এ রাজ্যের মানুষ নন, তাই বোধহয় তাঁদের নিয়ে ততটা চর্চা হয় না। সেই ঘটতি সামান্য হলেও মেটাবার প্রয়াসে এই বই।	
মূল্যবোধ	৫০.০০
সংকলন	
‘পারিব না এ কথাটি বলিও না আর’, ‘আমাদের দেশে সেই ছেলে কবে’ কিংবা ‘আপনারে বড় বলে বড় সেই নয়’ -- সেই কবেকার এসব ছড়া -- আজও আমাদের মূল্যবোধের সংকট থেকে বেরিয়ে আসতে মণিমুক্তোর মতো এসব ছড়ার ছায়ায় আশ্রয় খুঁজতে হয়।	
লেখালিখি	২০০.০০
অশোক বন্দ্যোপাধ্যায়	
অশোক বন্দ্যোপাধ্যায় -- উৎস মানুষ পত্রিকার সম্পাদক। এই পরিচয়টা যেন অশোককে আড়াল করে। অথচ অশোক বন্দ্যোপাধ্যায় ঝরঝরে বাংলায় বিভিন্ন বিষয় নিয়ে উৎস মানুষ ও অন্য পত্রপত্রিকায় বিস্তর লেখালিখি করেছেন, বেতারে বলেছেন। সেসব নিয়ে ‘লেখালিখি’। বিশেষ করে গণবিজ্ঞান নিয়ে যাঁরা ভাবনা চিন্তা করেন তাঁদের যুক্তিতে শান দেবার জন্যে অবশ্য পাঠ্য এই বই। অশোকের লেখার জাদু এমনই যে রান্না করতে করতে তাতে চোখ বুলিয়ে নেওয়া যায়।	
এটা কী ওটা কেন	৫০.০০
কী কেন কীভাবে প্রশ্ন করার অভ্যাসই একজন স্বাভাবিক বুদ্ধির মানুষকে তার অন্যতম মানুসী বৈশিষ্ট্য দান করে। পাঠ্যবই-এর জ্ঞান বাস্তবের জিজ্ঞাসাকে অধিকাংশ সময়ই মেটাতে পারে না। তাই এই বই।	

প্রিয় লেখকদের প্রতি

পরিষ্কার পরিচ্ছন্ন কাগজের একপিঠে ওপরে-নিচে দুপাশে মার্জিন রেখে লিখুন। লেখার সঙ্গে আপনার পুরো নাম-ঠিকানা, ফোন নম্বর, ই-মেইল (থাকলে) অবশ্যই পাঠাবেন। দুঃখিত, অমনোনীত লেখা ফেরৎ পাঠানো সম্ভব নয়। প্রিয় লেখক বন্ধুরা উৎস মানুষ কি কি বিষয়ে লেখা চায় তা আমাদের ওয়েবসাইটে দেওয়া আছে। লেখা পাঠাবার সময় তা দেখে নেবেন। অন্য কোনো বিষয় নিয়ে লেখা পাঠাবেন না। বানানের ক্ষেত্রে সংসদ বাংলা ব্যাকরণের প্রথম বানান লিখুন। যেমন --- সরকারী নয়, সরকারি। রচনার শব্দ সংখ্যা প্রথম পাতার এক কোণে লিখে দেবেন। কম্পিউটার ব্যবহারকারি লেখকরা পিডিএফ করে পত্রিকার ই-মেইল-এ লেখা পাঠাতে পারেন। শব্দসংখ্যা লিখে দেবেন।